গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
(সাধারণ শাখা)

নম্বর :০৫.৪২.১২০০.০০৮.০০০০.৩৩.০১৭.২৬.-৪৯৮/১

তারিখ: ১৭ আগস্ট ২০২৬

## সার ডিলার নিয়োগ পুনঃবিজ্ঞপ্তি

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫' (সংশোধিত) এর আলোকে ব্রাহ্মণবাড়িয়া জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | উপজেলার নাম | ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন | শুন্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা ................ওয়ার্ড |
|---|---|---|---|
| ১ | সদর | মজলিশপুর | মৈন্দ বাজার, ওয়ার্ড ১,২,৩ |
| ২ | সরাইল | চুন্টা | লোপাড়া বাজার, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩ | নবীনগর | বড়াইল | জলশুকা, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৪ | | কৃষ্ণনগর | উত্তর লক্ষীপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ৫ | | নাটঘর | নাটঘর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৬ | | **বিদ্যাকুট** | **উরখুলিয়া ৪,৫,৬** |
| ৭ | | নবীনগর পূর্ব | মোহল্লা, ওয়ার্ড ১,২,৩ |
| ৮ | | | বগডহর উত্তর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৯ | | নবীনগর পশ্চিম | চরলাপাং, ওয়ার্ড ১,২,৩ |
| ১০ | | | নবীপুর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ১১ | | বিটঘর | টিয়ারা, ওয়ার্ড ৭,৮,৯ |
| ১২ | | শিবপুর | ওয়ারুক, ওয়ার্ড ৭,৮,৯ |
| ১৩ | | | কনিকাড়া, ওয়ার্ড ৪,৫,৬ |
| ১৪ | | শ্রীরামপুর | গোপালপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ১৫ | | | দড়িশ্রীরামপুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ১৬ | | ইব্রাহিমপুর | জাফরপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ১৭ | | লাউরফতেহপুর | আহম্মদপুর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ১৮ | | | বাড়ীখলা, ওয়ার্ড ৭,৮,৯ |
| ১৯ | | জিনোদপুর | কড়ইবাড়ী, ওয়ার্ড ১,২,৩ |
| ২০ | | সাতমোড়া | চুন্তরিয়া, ওয়ার্ড ৪,৫,৬ |
| ২১ | | | সাতমোড়া, ওয়ার্ড ৭,৮,৯ |
| ২২ | | রছুল্লাবাদ | কালঘড়া, ওয়ার্ড ১,২,৩ |
| ২৩ | | | মোল্লা, ওয়ার্ড ৭,৮,৯ |
| ২৪ | | শ্যামগ্রাম | শ্রীঘর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ২৫ | | বড়িকান্দি | নুরজাহানপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ২৬ | | | বড়িকান্দি, ওয়ার্ড ৪,৫,৬ |
| ২৭ | | সলিমগঞ্জ | চরবাড্ডা, ওয়ার্ড ১,২,৩ |
| ২৮ | | রতনপুর | মাঝিয়ারা, ওয়ার্ড ১,২,৩ |
| ২৯ | | | শাহপুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩০ | | কাউতলা উত্তর | কোনাউড়, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৩১ | | কাউতলা দক্ষিণ | অচিন্তপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ৩২ | | | গোয়ালী, ওয়ার্ড ৭,৮,৯ |

৫৩

| ক্রমিক নং | উপজেলার নাম | ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন | শুন্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা ...........ওয়ার্ড |
|---|---|---|---|
| ৩৩ | নাসিরনগর | কুন্ডা | বিটুই, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৩৪ | | গোয়ালনগর | মাছমা, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩৫ | | ফান্দাউক | আতাকুড়া, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩৬ | | **গুনিয়াউক** | **গুনিয়াউক ১,২,৩** |
| ৩৭ | | | গুটমা, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৩৮ | | | চিতনা, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩৯ | | চাপড়তলা | কালিউতা, ওয়ার্ড ১,২,৩ |
| ৪০ | | | খান্দুরা, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৪১ | | **পূর্বভাগ** | **পূর্বভাগ ১,২,৩** |
| ৪২ | | | ভূবণ, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৪৩ | | হরিপুর | শংকরদাহ, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৪৪ | | ধরমন্ডল | দৌলতপুর ওয়ার্ড ১,২,৩ |
| ৪৫ | | | ধরমন্ডল পূর্ব, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৪৬ | বাঞ্ছারামপুর | তেজখালী | আকানগর বাজার, ওয়ার্ড ১,২,৩ |
| ৪৭ | | **পহাড়িয়াকান্দি** | **কালাকান্দি ৪,৫,৬** |
| ৪৮ | | দড়িয়াদৌলত | দড়িয়াদৌলত, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৪৯ | | সোনারামপুর | চর মরিচাকান্দি, ওয়ার্ড ১,২,৩ |
| ৫০ | | | চরশিবপুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৫১ | | **দড়িকান্দি** | **বাহাদুরপুর ১,২,৩** |
| ৫২ | | | দড়িকান্দি, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৫৩ | | | ইমামনগর, ওয়ার্ড৭,৮,৯ |
| ৫৪ | | **ছয়ফুল্লাকান্দি** | মধ্যনগর, ওয়ার্ড ১,২,৩ |
| ৫৫ | | | **ছয়ফুল্লাকান্দি ৪,৫,৬** |
| ৫৬ | | | পাড়াতলী, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৫৭ | | **বাঞ্ছারামপুর উত্তর** | **দূর্গাপুর, ওয়ার্ড ১,২,৩** |
| ৫৮ | | | মনাইখালী, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৫৯ | | আইয়ুবপুর | আইয়ুবপুর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৬০ | | | কানাইনগর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৬১ | | ফরদাবাদ | ফরদাবাদ উত্তর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৬২ | | রুপসদী | রুপসদী দক্ষিণ, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৬৩ | | ছলিমাবাদ | ভুরভুরিয়া, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৬৪ | | উজানচর | বুধাইরকান্দি, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৬৫ | | | রাধানগর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৬৬ | | মানিকপুর | বাহেরচর, ওয়ার্ড ১,২,৩ |
| ৬৭ | | | মানিকপুর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৬৮ | আশুগঞ্জ | দূর্গাপুর | বাহাদুরপুর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৬৯ | বিজয়নগর | খাদুরাইল | খাদুরাইল, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৭০ | | বিষ্ণুপুর | ছতুরপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ৭১ | | | কালাছড়া বাজার, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৭২ | | **পত্তন** | **মনিপুর ১,২,৩** |
| ৭৩ | | **চম্পকনগর** | **চম্পকনগর ১,২,৩** |
| ৭৪ | | চরইসলামপুর | মোহাম্মদপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ৭৫ | | | চরইসলামপুর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৭৬ | | | রঙ্গিনবাড়ি, ওয়ার্ড ৭,৮,৯ |

শর্তাবলি:

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংকান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' (সংশোধিত) এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শুন্য ডিলার ইউনিটের বিপরীতে 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংকান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' (সংশোধিত) এর নীতিমালায় বর্ণিত শর্ত পুরণসাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) যোগ্যতা:

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার /পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. সার ডিলারের নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিট) কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

৯. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২,০০০/- (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে অর্ডার/ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটি'র সভাপতি বরাবর জমা দিতে হবে।

(ঘ) অযোগ্যতা:

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপশি ইতঃপুর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ড প্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো বিধিবদ্ধ সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ পাবলিক বিশ্ববিদ্যালয়/ এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না;

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা বিক্রয় প্রতিনিধিত্বশিপ থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/ বিক্রয় প্রতিনিধিত্বশিপের আবেদন করতে বা ডিলার বা বিক্রয় প্রতিনিধি হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

(ঙ) একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরুপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্দিবসের মধ্যে ফেরত প্রদানে ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:

(১) ৩১ আগস্ট ২০২৬ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত;

(২) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শিমরাইলকান্দি, ব্রাহ্মণবাড়িয়া এর দপ্তরে জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**বিঃ দ্রঃ নিম্নস্বাক্ষরকারী কর্তৃক প্রকাশিত ২২/০২/২০২৬ তারিখের ৭০ সংখ্যক স্মারকে সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। পূর্বের দাখিলকৃত আবেদন বিবেচনাধীন রয়েছে।**

29/08/24

মোঃ আবুসাঈদ
জেলা প্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি